দৈনিক ইত্তেফাক

42

তারিখ ... APR. 1.1.2000
পৃষ্ঠা 1 কলাম 6

# কুমিল্লা বোর্ডের অধীনে ৩৭৫ জন পরীক্ষার্থী সমস্যার সম্মুখীন

মৌলভীবাজার সংবাদদাতা ॥ কুমিল্লা বোর্ডের একটি তোগলগী সিদ্ধান্তের কারণে মৌলভী বাজার সরকারী কলেজ ও মৌলভী বাজার সরকারী মহিলা কলেজের ৩৭৫জন এইচ, এস, সি পরীক্ষার্থীর পরীক্ষা দেওয়ার ক্ষেত্রে মারাত্মক জটিলতা দেখা দিয়াছে। জানা গিয়াছে যে,

( ৫ম পৃঃ দ্রঃ )

## কুমিল্লা বোর্ডের

(৩য় পৃঃ পর)

আগামী ২৭শে এপ্রিল অনুষ্ঠিতব্য কুমিল্লা বোর্ডের এইচ, এসসি পরীক্ষার ইতিহাসের কোড নং পরিবর্তন করিয়া বোর্ড কর্তৃপক্ষ গত ১২ মার্চ একটি চিঠি দিলে এই সমস্যার সৃষ্টি হয়। এ দিকে কলেজ কর্তৃপক্ষ গত ২৯শে মার্চ পূর্ব নির্ধারিত ইতিহাস বিষয়ের কোড নং যথাক্রমে ইতিহাস ১ম পত্র বিষয় কোড নং ২৪১ এবং ২য় পত্র বিষয় কোড ২৪৩ পূরণ করিয়া পাঠাইয়া দেয়। এখন হটাৎ করিয়া বোর্ড কর্তৃপক্ষ ১২ই মার্চ চিঠি দিয়া ইতিহাস ১ম পত্র বিষয় কোড ২৪১ পরিবর্তন করিয়া ২৪২ এবং ইতিহাস ২য় পত্র বিষয় কোড ২৪৩ পরিবর্তন করিয়া ২৪৪ করায় পরীক্ষার্থী ও অভিবাবকদের দুশ্চিন্তা বাড়িয়া গিয়াছে। এ ব্যাপারে কলেজ কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করিলে কর্তৃপক্ষ বলেন যে, এখন আর বিষয় কোড সংশোধন করার সুযোগ আমাদের হাতে নাই। এখন যদি বোর্ড কর্তৃপক্ষ ওখানে বিষয় কোড সংশোধন করে তাহা হইলে কোন সমস্যা হইবে না। বিষয়টি পরীক্ষার্থীদের জানানো হইয়াছে কিনা জানিতে চাইলে কর্তৃপক্ষ বলেন, জানাইয়া কোন লাভ নাই।